প্রগতিশীল প্রযুক্তি , অন্তর্ভুক্তিমূলক উন্নতি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
জেলা কার্যালয়, নোয়াখালী
www.doict.noakhali.gov.bd

**ফেব্রুয়ারি-২০২৪ খ্রি. মাসের সমন্বয় সভার কার্যবিবরণী**

| | |
|---|---|
| সভাপতি | সৈয়দ মোহাম্মদ মিরাজ হোসেন<br>জেলা আইসিটি অফিসার (ভারপ্রাপ্ত) |
| সভার তারিখ | ২৭ ফেব্রুয়ারি, ২০২৪ খ্রি. |
| সভার সময় | ১১:০০ ঘটিকা |
| স্থান | জেলা কার্যালয়, নোয়াখালী। |
| উপস্থিতি | পরিশিষ্ট "ক" |

সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। শুরুতেই তিনি বিগত জানুয়ারি/২০২৪ খ্রি. মাসের সভার কার্যপত্র উপস্থাপন করেন এবং সঠিক সময়ে সভায় উপস্থিত হওয়ার জন্য সকলকে ধন্যবাদ জানান। সভায় সর্বসম্মতিক্রমে বিগত মাসের কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর আলোচ্য সূচি অনুযায়ী নিম্নরুপ আলোচনা ও সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

<table>
<tr><th>ক্রম</th><th>আলোচ্য বিষয় ও আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নে</th></tr>
<tr><td>১।</td><td>শেখ রাসেল ডিজিটাল ল্যাব পরিদর্শন: জানুয়ারি/২০২৪ মাসে জেলা ও উপজেলা কার্যালয় হতে শেখ রাসেল ডিজিটাল ল্যাব এবং শেখ রাসেল স্কুল অফ ফিউচার পরিদর্শন সংক্রান্ত প্রতিবেদন নিম্নরূপঃ
<table>
<tr><th>ক্রমিক</th><th>জেলা/উপজেলার নাম</th><th>পরিদর্শনকৃত ল্যাব</th></tr>
<tr><td>০১</td><td>জেলা কার্যালয় (প্রোগ্রামার)</td><td>০৫ টি</td></tr>
<tr><td>০২</td><td>নোয়াখালী সদর</td><td>০৪ টি</td></tr>
<tr><td>০৩</td><td>কোম্পানীগঞ্জ</td><td>০৫ টি</td></tr>
<tr><td>০৪</td><td>কবিরহাট</td><td>০৩ টি</td></tr>
<tr><td>০৫</td><td>সুবর্ণচর</td><td>০৪ টি</td></tr>
<tr><td>০৬</td><td>হাতিয়া</td><td>০২ টি</td></tr>
<tr><td>০৭</td><td>সোনাইমুড়ী</td><td>০৩ টি</td></tr>
<tr><td>০৮</td><td>চাটখিল</td><td>০৫ টি</td></tr>
<tr><td>০৯</td><td>বেগমগঞ্জ</td><td>০৫ টি</td></tr>
<tr><td>১০</td><td>সেনবাগ</td><td>০৪ টি</td></tr>
</table></td><td>১। প্রতি মাসের ০৫ তারিখের মধ্যে জেলা ও উপজেলা কার্যালয়ের কর্মকর্তাগণকে প্রধান কার্যালয়ের নির্দেশনা মোতাবেক পরিদর্শনকৃত প্রতিবেদন SOMS এর মাধ্যমে প্রেরণ করতে হবে।</td><td>১। উপজেলা আইসিটি কর্মকতা (সকল), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, উপজেলা কার্যালয়, নোয়াখালী</td></tr>
</table>

<table>
<tr>
<td>২।</td>
<td>জেলা ও উপজেলা পর্যায়ে Web Portal নিয়মিত হালনাগাদকরণ: জানুয়ারি/২০২৪ মাসে জেলা কার্যালয় ও সকল উপজেলা কার্যালয় থেকে Web Portal হালনাগাদকরণ সংক্রান্ত প্রতিবেদন পাওয়া গিয়েছে। জেলা কার্যালয়ের তথ্য বাতায়ন হালনাগাদ রাখার নিমিত্ত সহকারী নেটওয়ার্ক ইঞ্জিনিয়ার, জেলা কার্যালয়, নোয়াখালীকে বিশেষভাবে অনুরোধ করা হয়।</td>
<td>১। জেলা এবং উপজেলা কার্যালয়ের Web Portal নিয়মিত হালনাগাদ নিশ্চিত করবেন এবং প্রতি মাসের ২৮ তারিখের মধ্যে জেলা কার্যালয়ে হালনাগাদকরণ সংক্রান্ত প্রতিবেদন প্রেরণ করতে হবে।<br>২। Web Portal এর সুরক্ষার জন্য Two Factor Authentication আবশ্যিকভাবে চালু রাখতে হবে।</td>
<td>১। উপজেলা আইসিটি কর্মকতা (সকল), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, উপজেলা কার্যালয়, নোয়াখালী</td>
</tr>
<tr>
<td>৩।</td>
<td>জয় সেট সেন্টার: EDC প্রজেক্টের অন্তর্গত জয় সেট সেন্টার নির্মাণের অগ্রগতি নিয়ে আলোচনা করা হয়। জেলার নির্মানাধীন জয় সেট সেন্টারের অগ্রগতি প্রতিবেদন নিম্নরুপঃ
<table>
<tr><th>ক্রমিক</th><th>জেলা/উপজেলার নাম</th><th>মন্তব্য</th></tr>
<tr><td>০১</td><td>জেলা কার্যালয়</td><td>জেলা প্রশাসন, নোয়াখালী কর্তৃক অধিগ্রহণ প্রস্তাব ভূমি মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। অধিগ্রহণ প্রক্রিয়া চলমান রয়েছে।</td></tr>
<tr><td>০২</td><td>নোয়াখালী সদর</td><td>নির্মাণ কার্যক্রম চলমান রয়েছে। অগ্রগতি প্রতিবেদন প্রস্তুত করা হচ্ছে।</td></tr>
<tr><td>০৩</td><td>কোম্পানীগঞ্জ</td><td>কার্যক্রম শুরু করা হয়নি।</td></tr>
<tr><td>০৪</td><td>কবিরহাট</td><td>উপজেলা পরিষদের মধ্যে জমি নির্বাচন করা হয়েছে।</td></tr>
<tr><td>০৫</td><td>সুবর্ণচর</td><td>-</td></tr>
<tr><td>০৬</td><td>হাতিয়া</td><td>-</td></tr>
<tr><td>০৭</td><td>সোনাইমুড়ী</td><td>-</td></tr>
<tr><td>০৮</td><td>চাটখিল</td><td>অত্র উপজেলার নতুন কমপ্লেক্স ভবন নির্মাণ কার্য চলমান রয়েছে। উপজেলা প্রকৌশলী জানান, নির্মান কাজ সমাপ্ত হলে জয় সেট সেন্টারের নির্মাণ কাজ শুরু হবে। অনুমোদন পাওয়া গিয়েছে।</td></tr>
<tr><td>০৯</td><td>বেগমগঞ্জ</td><td>উপজেলা নির্বাহী অফিসারের সাথে প্রাথমিক আলাপ হয়েছে। উপজেলা প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশলীসহ সভা করে পরবর্তীতে সিদ্ধান্ত নেয়া হবে</td></tr>
<tr><td>১০</td><td>সেনবাগ</td><td>নির্মাণ কার্যক্রম চলমান রয়েছে। অগ্রগতি প্রতিবেদন প্রস্তুত করা হচ্ছে।</td></tr>
</table>
</td>
<td>১। নিয়মিত জয় সেট সেন্টার নির্মাণের অগ্রগতি পরিদর্শন ও পর্যবেক্ষণ করতে হবে।</td>
<td>১। উপজেলা আইসিটি কর্মকতা (সকল), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, উপজেলা কার্যালয়, নোয়াখালী</td>
</tr>
</table>

<table>
<tr>
<td>৪।</td>
<td>প্রশিক্ষণ:<br>তথ্য ও যোগাযোগ প্রযু্ক্তি অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন শেখ রাসেল ডিজিটাল ল্যাব স্থাপন (২য় পর্যায়) প্রকল্প কর্তৃক অত্র জেলায় স্থাপিত শেখ রাসেল স্কুল অব ফিউচার এর বাছাইকৃত ছাত্র-ছাত্রীদের পাইথন প্রোগ্রামিং বিষয়ক প্রশিক্ষণ শুরু হয়েছে। উপজেলাভিত্তিক প্রশিক্ষণ কার্যক্রম নিম্নরুপঃ
<table>
<tr><th>ক্রঃ</th><th>উপজেলার নাম</th><th>শিক্ষা প্রতিষ্ঠানের নাম</th><th>সমাপ্ত ব্যাচ সংখ্যা</th><th>চলমান ব্যাচ সংখ্যা</th></tr>
<tr><td>০১</td><td>বেগমগঞ্জ</td><td>সুলতানপুর হানিফ ভূঁইয়া স্কুল এন্ড কলেজ</td><td>০৪</td><td>-</td></tr>
<tr><td>০২</td><td>সেনবাগ</td><td>ছিলোনিয়া ইউনিয়ন উচ্চ বিদ্যালয়</td><td>০৬</td><td>-</td></tr>
<tr><td>০৩</td><td>কবিরহাট</td><td>কবিরহাট সরকারি মডেল উচ্চ বিদ্যালয়</td><td>-</td><td>০২</td></tr>
<tr><td>০৪</td><td>চাটখিল</td><td>খিলপাড়া বহমূখী উচ্চ বিদ্যালয়</td><td>-</td><td>-</td></tr>
<tr><td>০৫</td><td>নোয়াখালী সদর</td><td>আহমদিয়া উচ্চ বিদ্যালয়</td><td>-</td><td>-</td></tr>
<tr><td>০৬</td><td>হাতিয়া</td><td>সুখচর ইউনিয়ন বঙ্গবন্ধু উচ্চ বিদ্যালয়</td><td>-</td><td>-</td></tr>
</table></td>
<td>১। নিয়মিত প্রশিক্ষণ কার্যক্রম তত্ত্বাবধান করতে হবে এবং ভেন্ডরগণকে সঠিকভাবে প্রশিক্ষণ প্রদানের নির্দেশনা প্রদান করতে হবে।<br>২। প্রশিক্ষণ কার্যক্রম তদারকি করতে হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।</td>
<td>১।উপজেলা আইসিটি কর্মকতা (সকল), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, উপজেলা কার্যালয়, নোয়াখালী</td>
</tr>
<tr>
<td>৫।</td>
<td>জেলা এবং উপজেলা আইসিটি কমিটির সভা: জানুয়ারি/২০২৪ মাসের আইসিটি কমিটির সভার কার্যবিবরণী জেলা কার্যালয় ও সদর উপজেলা কার্যালয় থেকে পাওয়া গিয়েছে।<br>প্রতিবেদন পাওয়া যায়নি- বেগমগঞ্জ, চাটখিল, সেনবাগ, কবিরহাট, হাতিয়া, সুবর্ণচর, সোনাইমুড়ি, কোম্পানীগঞ্জ.</td>
<td>নিয়মিত জেলা এবং উপজেলা আইসিটি কমিটির সভা আয়োজন করতে হবে। ফেব্রুয়ারি/২০২৪ মাসের উপজেলা আইসিটি কমিটির সভার কার্যবিবরণী ১৯/০৩/২০২৪ তারিখের মধ্যে জেলা কার্যালয়ে প্রেরণ করতে হবে।</td>
<td>১। উপজেলা আইসিটি কর্মকতা (সকল), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, উপজেলা কার্যালয়, নোয়াখালী</td>
</tr>
<tr>
<td>৬।</td>
<td>বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) বাস্তবায়ন সংক্রান্ত: ২০২৩-২৪ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) এর ৩য় ত্রৈমাসিকের কার্যক্রম নিয়ে আলোচনা করা হয়।</td>
<td>২০২৩-২৪ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) এর ৩য় ত্রৈমাসিক কার্যক্রম সঠিক সময়ে ও সুচারুভাবে সম্পন্ন করতে হবে এবং প্রমাণক সংরক্ষণ করতে হবে।</td>
<td>সংশ্লিষ্ট সকল</td>
</tr>
<tr>
<td>৭।</td>
<td>ই-নথি/ ডি-নথি: জেলা ও উপজেলা কার্যালয়সমূহের দাপ্তরিক কার্যক্রম ই-নথি/ ডি-নথিতে করার বিষয়ে আলোচনা করা হয়।</td>
<td>জেলা ও উপজেলা কার্যালয়সমূহের দাপ্তরিক কার্যক্রম ই-নথি/ ডি-নথিতে শতভাগ সম্পন্ন করতে হবে</td>
<td>সংশ্লিষ্ট সকল</td>
</tr>
<tr>
<td>৮।</td>
<td>সিটিজেন চার্টার হালনাগাদ: জেলা ও সকল উপজেলা কার্যালয়ের সিটিজেন চার্টার ত্রৈমাসিক ভিত্তিতে হালনাগাদ করা হয়েছে।</td>
<td>জেলা ও উপজেলা কার্যালয়সমূহের সিটিজেন চার্টার নিয়মিতভাবে হালনাগাদ করে স্ব স্ব কার্যালয়ের ওয়েবপোর্টালে আপলোড করতে হবে।</td>
<td>১। উপজেলা আইসিটি কর্মকতা (সকল), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, উপজেলা কার্যালয়, নোয়াখালী</td>
</tr>
</table>

| | | | |
|---|---|---|---|
| ৯। | **জিআরএস সিস্টেমে অভিযোগ নিষ্পত্তিকরণ:** জেলা ও উপজেলা কার্যালয়সমূহের জিআরএস সিস্টেমে কোন অভিযোগ দাখিল করা হয়েছে কিনা তা নিয়মিতভাবে চেক করার বিষয়ে আলোচনা করা হয়। | সহকারী প্রোগ্রামারগণ স্ব স্ব কার্যালয়ের জিআরএস সিস্টেমে কোন অভিযোগ দাখিল হয়েছে কিনা তা প্রতি কার্যদিবসে চেক করবেন এবং কোন অভিযোগ পাওয়া গেলে দ্রুত প্রতিকার করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১।উপজেলা আইসিটি কর্মকতা (সকল), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, উপজেলা কার্যালয়, নোয়াখালী |
| ১০। | **রেজিস্টার হালনাগাদকরণ:** জেলা ও উপজেলা কার্যালয়সমূহের সেবা/ পরামর্শ প্রদান রেজিস্টার, পরিদর্শন রেজিস্ট্রার ও আর্থিক সংক্রান্ত রেজিস্টারসমূহ নিয়মিত হালনাগাদের বিষয়ে আলোচনা করা হয়। | জেলা ও উপজেলা কার্যালয়সমূহে সেবা/ পরামর্শ প্রদান রেজিস্ট্রার ও অর্থ সংক্রান্ত রেজিস্ট্রারসমূহ নিয়মিত হালনাগাদ রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা আইসিটি কর্মকতা (সকল), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, উপজেলা কার্যালয়, নোয়াখালী<br>২। কম্পিউটার অপারেটর, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, জেলা কার্যালয়, নোয়াখালী |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

Meraz
২১-০৩-২০২৪
সৈয়দ মোহাম্মদ মিরাজ হোসেন
জেলা আইসিটি অফিসার (ভারপ্রাপ্ত)
+৮৮০৩২১৭১৭৪৪
doict.noakhali@gmail.com

তারিখ: ৭ চৈত্র ১৪৩০ বঙ্গাব্দ
২১ মার্চ ২০২৪ খ্রিস্টাব্দ

**নম্বর:** ৫৬.০৪.৭৫০০.০০০.০৬.০০১.২১.২৫

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। মহাপরিচালক, মহাপরিচালকের কার্যালয়, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর;
২। অতিরিক্ত মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), অতিরিক্ত মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর;
৩। সিস্টেম ম্যানেজার, সিস্টেম্স ম্যানেজার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর;
৪। উপ-পরিচালক , প্রশাসন, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর;
৫। প্রোগ্রামার, প্রোগ্রামার এর দপ্তর, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, নোয়াখালী(প্রধান কার্যালয়ে সংযুক্ত);
৬। উপজেলা আইসিটি অফিসার (সকল),আইসিটি অধিদপ্তর,নোয়াখালী এবং
৭। নোটিশ বোর্ড।

Meraz
২১-০৩-২০২৪
সৈয়দ মোহাম্মদ মিরাজ হোসেন
জেলা আইসিটি অফিসার (ভারপ্রাপ্ত)